

বুয়েটে শিক্ষার পরিবেশ

বজায় রাখুন ॥

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে রবিবার সাক্ষাত করেছেন বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য খালেদা আকরাম এবং কম্পিউটার এ্যান্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ (সিএজি) মাসুদ আহমেদ। -খবর বাসসর।
বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর উপাচার্য খালেদা আকরামের নেতৃত্বে ৭ সদস্যের একটি প্রতিনিধি দল রবিবার বসভবনে রাষ্ট্রপতি আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছে।

বৈঠকে প্রতিনিধি দলের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং বিশ্বব্যাংক ও আইসিটি মন্ত্রণালয়ের সহযোগিতায় বুয়েটে একটি রোবোটিক সেন্টার স্থাপনের বিষয়টি জানান। তারা রাষ্ট্রপতিকে জানান, বুয়েটের ছাত্ররা সম্প্রতি নয়াদিল্লীতে অনুষ্ঠিত রোবোটিক প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করে। রাষ্ট্রপতি আবদুল হামিদ বুয়েটের ছাত্রদের এই চমৎকার নৈপুণ্যে সন্তোষ প্রকাশ করেন।

আর্থিক শৃঙ্খলা বজায় রাখার আহ্বান ॥
এদিকে, রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জনগণের কল্যাণ নিশ্চিত করতে সরকারী অর্থ ব্যয়ে আর্থিক শৃঙ্খলা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেছেন। রবিবার আজ বিকেলে বসভবনে, রাষ্ট্রপতির সঙ্গে কম্পিউটার এ্যান্ড অডিটর জেনারেল অব বাংলাদেশ (সিএজি) মাসুদ আহমেদ বার্ষিক অডিট রিপোর্ট পেশকালে রাষ্ট্রপতি একথা বলেন।